# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 08 May, 2025

ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ধানমন্ডিস্থ সুধা সদনের বাসার কর্মকর্তা এস এম মিজানুর রহমানকে বিক্ষুব্ধ ছাত্র-জনতা আটক করে পুলিশে সোপর্দ করেছে।

বুধবার (৭ মে) দিবাগত রাতে রাজধানীর সায়েন্স ল্যাব এলাকায় তাকে আটক করা হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মিজানুর রহমানকে হেফাজতে নিয়ে নিউমার্কেট থানায় নিয়ে যায়।

ডিএমপি নিউমার্কেট জোনের সহকারী পুলিশ কমিশনার (এসি) তারিক লতিফ জানান, এস এম মিজানুর রহমান সুধা সদনে চাকরি করতেন। তাকে হঠাৎ করে জনতা আটক করে।পরে পুলিশ হেফাজতে নিয়ে থানায় আনা হয়।

নিউমার্কেট থানার ওসি মোহসীন উদ্দিন বলেন, মিজানুর রহমান সুধা সদনের বাসায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন।বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের একটি মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:00

URL: https://www.timestodaybd.com/national/2124775807